# মডেল টেস্ট– ৪

## হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১×৫০=৫০

১. নিত্যকর্ম বলতে তুমি কী বোঝ?
ⓚ এটি সাংসারিক কাজকর্ম ⓚ এটি উৎপাদন কর্ম
ⓖ এটি আয়ের জন্য কর্ম ⓖ এটি ধর্মচর্চার একটি অঙ্গ

২. তিনি ছিলেন ভারতীয় নারী জীবনের প্রতীক। এখানে তিনি বলতে কাকে বোঝানো হয়েছে?
ক সারদা দেবী খ মেরী
গ মার্গারেট এলিজাবেথ ঘ মাদার তেরেসা

৩. সীমা রাতে পড়াশুনা করছিল। একটা শব্দ শুনে বাইরে গিয়ে দেখল একটি হাঁসের ছানা যন্ত্রণায় ছটফট করছে। এমতাবস্থায় সীমা কী করবে?
ক তাড়িয়ে দিবে
খ দরজা বন্ধ করে দিবে
গ সেবা করে সুস্থ করে তুলবে
ঘ হাঁসের ছানাটিকে ঘরে নিয়ে আসবে

৪. পৃথিবীতে যখন ধর্মের গ্লানি হয় ও অধর্ম বেড়ে যায় তখন ঈশ্বর মানুষের মঙ্গল ও কল্যাণ সাধনে এগিয়ে আসেন। ঈশ্বর কিরূপে এ কাজটি করে থাকেন?
ক ভগবানরূপে খ ঈশ্বররূপে
গ অবতাররূপে ঘ দেব-দেবী রূপে

৫. উপাসনা করলে দেহ-মন পবিত্র হয়। কেননা এ সময় আমরা কোন কাজটি করে থাকি?
ক ঈশ্বরের চিন্তা খ ঈশ্বরের আশীর্বাদ
গ ঈশ্বরের প্রশংসা ঘ ঈশ্বরের কল্যাণ

৬. তোমার বাবা হঠাৎ করে খুব অসুস্থ হয়ে পড়েছেন। তার অসুস্থতা থেকে মুক্তির জন্য তুমি কী করবে?
ক ঈশ্বরের নিকট প্রার্থনা করবে খ বেদ পাঠ করবে
গ সুখাসনে বসবে ঘ মন্ত্র ও শ্লোক আবৃত্তি করবে

৭. পারসিকরা উত্তর-পশ্চিম ভারতে সিন্ধু অঞ্চল দিয়ে ভারতবর্ষে প্রবেশ করত। তারা 'স' এর স্থলে 'হ' উচ্চারণ করত। তাহলে পারসিকরা সিন্ধুকে কী বলত?
ক হিন্দু খ হিসু গ হিন্দা ঘ হিন্দি

৮. সামবেদ সংহিতার মন্ত্রগুলো গানের মতো। এই গানগুলো সুর দিয়ে তুমি কাদের উদ্দেশ্যে গাইবে?
ক ব্রাহ্মণদের খ মুনি-ঋষিদের
গ দেবতাদের ঘ ঈশ্বরের

৯. তুমি পাঠ্যবই পড়ে ব্রহ্মা, বিষ্ণু ও শিব এই তিনজন দেবতার সম্পর্কে জানলে। এসব দেবতাদের মাহাত্ম্য কোন গ্রন্থে প্রকাশিত হয়েছে?
ক রামায়ণে খ পুরাণে
গ মহাভারতে ঘ উপনিষদে

১০. মার্গারেট স্বামী বিবেকানন্দের শিষ্যত্ব গ্রহণ করেছিলেন, এর মূল কারণ কোনটি?
ক স্বামীজীকে অনুসরণ করতে
খ স্বামীজীর আদর্শ ভালো লাগে বলে
গ বেদান্তের ধর্মমত তাঁকে প্রশান্তি দিয়েছিল বলে
ঘ পূর্বের ইচ্ছা ছিল

http://teachingbd.com

১১. তোমার বাড়িতে দুর্গাপূজার অনুষ্ঠান চলছে। এমন সময় একজন মুচি এসে বলল, সে পূজায় অংশগ্রহণ করতে চায়। এমতাবস্থায় তুমি কী করবে?

ক বাবাকে জিজ্ঞাসা করব
খ অংশগ্রহণ করতে দিব
গ অংশগ্রহণ করতে নিরুৎসাহিত করব
ঘ অন্যের নিন্দার ভয়ে সুযোগ দিব না

১২. শ্রেণিকক্ষে শিক্ষক আসলে সকল শিক্ষার্থী দাঁড়িয়ে তাঁকে সম্মান জানায়, কারণ--

ক শিক্ষক খুশি হন
খ শিক্ষককে ভয় পাই
গ শিক্ষক আদর করেন
ঘ সম্মান জানানো সংস্কৃতির অংশ

১৩. এমন একটি গুণ আছে যেটি আমাদের চরিত্রকে সুন্দর করে, উন্নত করে এবং পবিত্র করে। এখানে কোন গুণটিকে ইঙ্গিত করা হয়েছে?

ক শিষ্টাচারকে
খ উদারতাকে
গ সংযমকে
ঘ পরোপকারকে

১৪. তুমি দেখলে যে রাস্তার উপর কিছু আবর্জনা পরে আছে, কিন্তু কেউ পরিষ্কার করছে না। এ অবস্থায় তোমার কী করণীয়?

ক সমস্যাটি এড়িয়ে যাব
খ স্থানীয় প্রশাসনকে বলব কিছু করার জন্য
গ দল গঠন করে এটি পরিষ্কার করব
ঘ সমস্যাটি শিক্ষককে বলব

১৫. মুনি-ঋষিরা ঈশ্বরের উপাসনা করতে করতে দেখলেন, শরীর নীরোগ ও কর্মক্ষম না হলে কোনো কাজই ভালোভাবে করা যায় না। সে কারণে তারা কী উদ্ভাবন করেন?

ক যোগসাধনার পদ্ধতি
খ খেলাধুলার সরঞ্জাম
গ উপবাসের নিয়ম
ঘ মন প্রফুল্ল রাখার উপায়

১৬. দুর্গাপূজায় তোমার বন্ধুর বাড়িতে বেড়াতে গেলে তোমার সামনে প্রচুর খাবার দেয়। এক্ষেত্রে তোমার করণীয় কী?

ক কম করে খাবে
খ বেশি করে খাবে
গ পরিমিত খাবে
ঘ খাবার গ্রহণ করবে না

১৭. তুমি নিয়মিত সর্বাঙ্গাসন অনুশীলন কর। এ আসনটি করার পরে তুমি কী করবে?

ক ত্রিশ সেকেন্ড শবাসন করবে
খ চল্লিশ সেকেন্ড শবাসন করবে
গ পঞ্চাশ সেকেন্ড শবাসন করবে
ঘ ষাট সেকেন্ড শবাসন করবে

১৮. প্রাচীনকালে সৌবীর নামক একটি রাজ্য ছিল। এ রাজ্যের রানি কে ছিলেন?

ক বিদুল্লা
খ গার্গী
গ গান্ধারী
ঘ সাবিত্রী

১৯. হিন্দুদের একটি ধর্মীয় উৎসব যাকে দুর্গাপূজার আগমনী উৎসব বলা হয়। উক্ত উৎসবের নাম কী?

ক দোলযাত্রা
খ মহালয়া
গ চৈত্রসংক্রান্তি
ঘ দেবীপক্ষ

২০. তুমি দুজন বন্ধুকে নিয়ে চৈত্রসংক্রান্তিতে মেলায় চড়ক পূজা দেখতে গেলে। তুমি সেখানে দেখালে–

ক ঐতিহ্যের প্রতি সম্মান
খ দেশের গর্ব
গ পরিবারের গ্রহণযোগ্যতা
ঘ প্রথার প্রতি সম্মান

http://teachingbd.com

২১. দেবর্ষি নারদ বসা না পর্যন্ত ভগবান শ্রীকৃষ্ণ নিজ আসনে বসলেন না? এ থেকে ভগবান শ্রীকৃষ্ণের কী প্রকাশ পেয়েছে?

ক) উদারতা খ) সহনশীলতা গ) সংযম ঘ) শিষ্টাচার

২২. স্বামী বিবেকানন্দ ধর্মে কর্মে আত্মনিবেদন দেখে মার্গারেটের একটি নতুন নাম দেন। সেই নামটি কী?

ক) বিদেশিনী খ) নিবেদিতা গ) সাবিত্রী ঘ) গান্ধারী

২৩. তুমি ঐতরেয়, কৌষীতকি, শতপথ প্রভৃতি ধর্মগ্রন্থ পাঠ করেছ। এগুলো কোন ধর্মগ্রন্থের অংশ?

ক) বেদ খ) আরণ্যক গ) পুরাণ ঘ) উপনিষদ

২৪. বেদের এক ভাগে যে মন্ত্রগুলো রয়েছে তা যজ্ঞের সময় উচ্চারণ করা হয়। উক্ত ভাগের নাম কী?

ক) যজুর্বেদ সংহিতা খ) ঋগ্বেদ সংহিতা
গ) অথর্ববেদ সংহিতা ঘ) সামবেদ সংহিতা

২৫. শ্রাবন্তী যে ধর্মের অনুসারী তা কতিপয় চিরন্তন ভাবনা চিন্তার উপর ভিত্তি করে গড়ে উঠেছে। তার ধর্মের নাম কী?

ক) বৈদিক ধর্ম খ) ব্রহ্ম ধর্ম গ) হিন্দুধর্ম ঘ) বৌদ্ধধর্ম

২৬. বৈদিক যুগের পর এমন একটি যুগ আসে যে যুগে মানুষ যাগ-যজ্ঞের পরিমাণ কমিয়ে দিয়ে পূজা-পার্বণ করতে থাকে। এ যুগের নাম কী?

ক) পৌরাণিক যুগ খ) দ্বাপর যুগ
গ) মধ্য যুগ ঘ) প্রাচীন যুগ

২৭. সমাজে কোনো কাজের মাধ্যমে তুমি ঈশ্বরের সেবা করছ, এটি প্রকাশ করবে—

ক) কীর্তন করে খ) পূজা করে
গ) জনসেবা করে ঘ) ধ্যান করে

২৮. ধ্যানের জন্য তোমার কোনটি বেশি প্রয়োজন?

ক) ধনসম্পদ অর্জন খ) বিখ্যাত হওয়া
গ) সম্পূর্ণ ভালো হওয়া ঘ) দায়িত্ব মুক্ত হওয়া

২৯. তুমি হিন্দুধর্মের অনুসারী। তোমার ধর্মের প্রধান আদর্শ কোনটি?

ক) নিজের কল্যাণ করা খ) পৃথিবীর সকলের কল্যাণ করা
গ) পরিবারের কল্যাণ করা ঘ) এলাকার কল্যাণ করা

৩০. মাদারীপুর ছিল বিপ্লবীদের একটি বিখ্যাত কেন্দ্র। এ অঞ্চলের নেতা কে ছিলেন?

ক) বিপ্লবী পূর্ণদাস খ) বিপ্লবী সূর্যসেন
গ) বিপ্লবী পুলীন বিহারী ঘ) বিপ্লবী ক্ষুদিরাম

৩১. অনুপকে নিয়ে তার বাবা একটি স্থানে পূজা দিতে গেলেন। এ স্থানটির নাম কী?

ক) গির্জা খ) মন্দির গ) মসজিদ ঘ) গুরুদুয়ারা

৩২. প্রাচীন ভারতে 'ক' নামে একজন ক্ষত্রিয় রাজা ছিলেন। তিনি সাধন করে রাজর্ষি হন। তাঁর নাম কী?

ক) বিশ্বামিত্র খ) শিশুপাল গ) বশিষ্ঠ ঘ) পরশুরাম

৩৩. যোগব্যায়ামের দ্বারা তুমি কী নিয়ন্ত্রণ করতে পারবে?

ক) দেহ ও আত্মা খ) শরীর ও মন
গ) জন্ম ও মৃত্যু ঘ) স্রষ্টা ও সৃষ্টি

http://teachingbd.com

৩৪. তুমি দেশের উন্নতির জন্য কাজ করতে চাও। এমনকি দেশের প্রয়োজনে জীবন উৎসর্গ করতে পার। তোমার মধ্যে কোনটি বর্তমান?
ক) মানবপ্রেম খ) বৃক্ষপ্রেম গ) জীবেপ্রেম ঘ) দেশপ্রেম

৩৫. তুমি পুরাতন বছরকে বিদায় দেওয়ার দিন এক উৎসব উদযাপন কর। উক্ত উৎসবের নাম কী?
ক) চৈত্রসংক্রান্তি খ) দোলযাত্রা
গ) রথযাত্রা ঘ) মহালয়া

৩৬. ব্রাহ্মণ সারাদিন কীভাবে সময় কাটাতেন?
ক) কীর্তন করে খ) পূজা করে
গ) জমি চাষ করে ঘ) বিদ্যাচর্চা ও ধর্মসাধনা করে

৩৭. জগদ্ধাত্রী নামে পূজিত হন দেবী—
ক) দুর্গা খ) মনসা গ) কালী ঘ) শিব

৩৮. একাগ্রচিত্তে ঈশ্বরের চিন্তা করার নাম কী?
ক) কীর্তন খ) স্তব গ) স্তুতি ঘ) ধ্যান

৩৯. মার্গারেট শিক্ষার্থী হিসেবে কেমন ছিলেন?
ক) সাধারণ খ) ভালো
গ) প্রতিভার অধিকারিণী ঘ) ভালো নয়

৪০. হিন্দুরা উপাসনালয়কে কী বলেন?
ক) মসজিদ খ) প্যাগোডা গ) গির্জা ঘ) মন্দির

৪১. কত খ্রিষ্টাব্দে আমেরিকায় ধর্ম মহাসভা অনুষ্ঠিত হয়েছিল?
ক) ১৮৯০ খ) ১৮৯৩ গ) ১৮৯৫ ঘ) ১৮৯৯

৪২. বশিষ্ঠ কোন শ্রেণির ঋষি ছিলেন?
ক) রাজর্ষি খ) শ্রুতর্ষি গ) ব্রহ্মর্ষি ঘ) মহর্ষি

৪৩. 'বেশি খাবি তো কম খা'— উক্তিটি কে করেছেন?
ক) স্বামী বিবেকানন্দ খ) শ্রীরামকৃষ্ণ পরমহংস দেব
গ) লোকনাথ ব্রহ্মচারী ঘ) বামাক্ষেপা

৪৪. গোমুখাসন অনুশীলনের সময় পায়ের অবস্থান হয়—
ক) কুকুরের মুখের মতো খ) বিড়ালের মুখের মতো
গ) গরুর মুখের মতো ঘ) পাখির ঠোঁটের মতো

৪৫. আমরা কীভাবে স্বাধীনতা অর্জন করেছি?
ক) সন্ধির মাধ্যমে খ) যুদ্ধ জয়ের মাধ্যমে
গ) আত্মসমর্পণের মাধ্যমে ঘ) ক্রয় সূত্রে

৪৬. হিন্দুধর্মের আরেক নাম কী?
ক) সাক্য ধর্ম খ) জৈনধর্ম গ) সনাতন ধর্ম ঘ) বৌদ্ধধর্ম

৪৭. রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে কোনটি একান্ত প্রয়োজন?
ক) সততা খ) ন্যায়বিচার
গ) স্বেচ্ছাচারিতা ঘ) পরমতসহিষ্ণুতা

৪৮. প্রতিমা ও অবতার কাদের রূপ ধারণ করে পৃথিবীতে আগমন করেন?
ক) দানবের খ) দৈত্যের গ) দেব-দেবীর ঘ) সিংহের

৪৯. ঋগ্বেদ সংহিতা, যজুর্বেদ সংহিতা, সামবেদ ও অথর্ববেদ সংহিতা এগুলো কোন ধর্মগ্রন্থের প্রকারভেদ?
ক) উপনিষদ খ) আরণ্যক গ) বেদ ঘ) ব্রাহ্মণ

৫০. মানুষ যে দেশে বাস করে সে দেশকে ভালোবাসা হলো—
ক) প্রতিজ্ঞা রক্ষা খ) নিয়মানুবর্তিতা
গ) অধ্যবসায় ঘ) দেশপ্রেম

২। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ : ১ × ১৫ = ১৫

(ক) একজন দেবীর মাধ্যমে ঈশ্বরের শক্তির প্রকাশ ঘটে। তিনি কোন দেবী?

(খ) নিত্যকর্ম ধর্মচর্চার একটি অজ্ঞা। এ অজ্ঞাটি কয় প্রকার ও কী কী?

(গ) একজন মানুষ হিসেবে তোমার সাধারণ বৈশিষ্ট্য কী?

(ঘ) তুমি কীভাবে মনকে প্রশান্ত রাখতে পার?

(ঙ) আমরা মহালয়া উপলক্ষে কী ধরনের অনুষ্ঠানের আয়োজন করতে পারি?

(চ) দরিদ্র ব্রাহ্মণ কীভাবে তার সময় কাটাতেন?

(ছ) ঈশ্বর যে রূপে আমাদের পালন করেন তখন তাকে কী বলে?

(জ) গীতায় কোন বিষয়ের নির্দেশ রয়েছে?

(ঝ) বিনোদ কার নিকটে সন্ন্যাস ধর্মের দীক্ষা নেন?

(ঞ) সকল ধর্মের প্রতি কী পোষণ করা উচিত?

(ট) ঐক্য বা সংহতির মূলসূত্র কী?

(ঠ) কৌরবেরা কেমন প্রকৃতির ছিলেন?

(ড) আমরা সাধারণত কেমন খাবার খেতে পছন্দ করি?

(ঢ) দেশের পরাধীনতা কে সহ্য করতে পারেননি?

(ণ) ঐতিহ্য কাকে বলে?

৩। ক, খ, গ, ঘ ও ঙ নং প্রশ্নসহ যেকোনো ৭টি প্রশ্নের উত্তর লেখ : ৫×৭ = ৩৫

(ক) তুমি ধ্যান, জপ, কীর্তন ও পূজার মাধ্যমে ঈশ্বরকে স্মরণ কর। একাগ্রচিত্তে ঈশ্বরকে ডাক। তোমার এ ধরনের কাজকে কী বলে? এ কাজটি সম্পর্কে চারটি বাক্য লেখ। ১+৪=৫

(খ) তুমি তোমার ধর্মগ্রন্থটি পাঠ করে দেব-দেবীর উপাখ্যান, সমাজ ও জীবন সম্পর্কে নানা উপদেশ সম্পর্কে জেনেছ। তোমার প্রধান ধর্মগ্রন্থের নাম কী? এ ধর্মগ্রন্থ সম্পর্কে চারটি বাক্য লেখ। ১+৪=৫

(গ) 'শিষ্ট' কথাটির অর্থ কী? শিষ্টাচার আমাদের চরিত্রকে কী করে? দৈনন্দিন জীবনে তুমি কীভাবে শিষ্টাচার প্রদর্শন করবে? এ সম্পর্কে তিনটি বাক্য লেখ। ১+১+৩=৫

(ঘ) ধর তোমাদের প্রতিবেশী সিদ্ধার্থ পাল কখনই নিজের কথা ভাবেন না। সব সময় পরের কথা ভাবেন। তার এ ধরনের মনোভাবকে কী বলে? এ ধরনের কাজের চারটি ফল উল্লেখ কর। ১+৪=৫

(ঙ) তুমি হিন্দু ধর্মের অনুসারী। বাংলা বছরের শেষ দিনে তুমি একটি উৎসব উদ্‌যাপন কর। উক্ত উৎসবের নাম কী? উক্ত উৎসবের চারটি আনুষ্ঠানিকতার নাম লেখ। ১+৪=৫

(চ) "সৃষ্টিতেই স্রষ্টার আনন্দ" কেন? পাঁচটি কারণ উল্লেখ কর। ৫

(ছ) পাপ-পুণ্য ও স্বর্গ-নরক বলতে কী বোঝ পাঁচটি বাক্যে লেখ। ৫

(জ) শিষ্টাচারের প্রয়োজনীয়তা পাঁচটি বাক্যে লেখ। ৫

(ঝ) 'উপবাস ধর্মের অজ্ঞা।'— পাঁচটি বাক্যে ব্যাখ্যা কর। ৫

(ঞ) মহালয়া বলতে কী বুঝ? এ সম্পর্কে একটি বাক্য লেখ। মহালয়ার তিনটি মূল উদ্দেশ্য লেখ। ১+১+৩=৫

http://teachingbd.com

# মডেল টেস্ট - ৪ এর উত্তরমালা

১।

| | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | গ | ৩ | গ | ৪ | গ | ৫ | গ | ৬ | ক | ৭ | ক | ৮ | খ | ৯ | খ |
| ১০ | গ | ১১ | খ | ১২ | ক | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | ক | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ক |
| ১৯ | খ | ২০ | ক | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | গ |
| ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | ক | ৩১ | খ | ৩২ | ক | ৩৩ | খ | ৩৪ | ঘ | ৩৫ | ক | ৩৬ | ঘ |
| ৩৭ | ক | ৩৮ | ঘ | ৩৯ | গ | ৪০ | ঘ | ৪১ | খ | ৪২ | গ | ৪৩ | খ | ৪৪ | গ | ৪৫ | খ |
| ৪৬ | গ | ৪৭ | ঘ | ৪৮ | গ | ৪৯ | গ | ৫০ | ঘ | | | | | | | | |

২। (ক) দেবী দুর্গার মধ্য দিয়ে ঈশ্বরের শক্তির প্রকাশ ঘটে।

(খ) এ অঙ্গটি তথা নিত্যকর্ম ছয় প্রকার। যথা– প্রাতঃকৃত্য, পূর্বাহ্ণকৃত্য, মধ্যাহ্নকৃত্য, অপরাহ্ণকৃত্য, সায়াহ্নকৃত্য ও রাত্রিকৃত্য।

(গ) একজন মানুষ হিসেবে আমার সাধারণ বৈশিষ্ট্য হলো মনুষ্যত্ব।

(ঘ) নিয়মিত আসন অনুশীলন করার মাধ্যমে আমি মনকে প্রশান্ত রাখতে পারি।

(ঙ) মহালয়া উপলক্ষে সংগীতানুষ্ঠান, আলোচনা সভা প্রভৃতির আয়োজন করে থাকি।

(চ) ধর্মসাধনা ও বিদ্যাচর্চার মাধ্যমে দরিদ্র ব্রাহ্মণ সময় কাটাতেন।

(ছ) ঈশ্বর বিষ্ণু রূপে আমাদের পালন করেন।

(জ) গীতায় সব রকম দুর্বলতা পরিহার করার নির্দেশ রয়েছে।

(ঝ) বিনোদ স্বামী গোবিন্দানন্দ গিরি মহারাজের নিকটে সন্ন্যাস ধর্মের দীক্ষা নেন।

(ঞ) সকল ধর্মের প্রতি শ্রদ্ধা পোষণ করা উচিত।

(ট) ঐক্য বা সংহতির মূলসূত্র পরমতসহিষ্ণুতা।

(ঠ) কৌরবেরা দুষ্ট প্রকৃতির ছিলেন।

(ড) আমরা সাধারণত মুখরোচক খাবার খেতে পছন্দ করি।

(ঢ) দেশের পরাধীনতা সঞ্জয়ের মা বিদুলা সহ্য করতে পারেননি।

(ণ) অতীতের কৃতি, অতীত প্রজন্মের বিভিন্ন অবদানকে ঐতিহ্য বলা হয়।

Teachingbd.com